রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুলাই ৩, ২০১৯**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৭.১৯-৫১৯।**—কুমিল্লা জেলার তিতাস উপজেলা পরিষদের নির্বাচনে কয়েকটি ভোটকেন্দ্রে বিধি বহির্ভূতভাবে ভোটগ্রহণের আগের রাত্রে বিভিন্ন অনিয়ম সংঘটিত হওয়ার পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন কর্তৃক ৩(তিন) সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত তদন্ত কমিটির দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লিখিত তিতাস উপজেলা পরিষদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোঃ শাহিনুল ইসলাম কর্তৃক সাধারণ ভোটারদের ভয়-ভীতি প্রদর্শন এবং নির্বাচনি বিধি-বিধান পরিপন্থী কার্যকলাপসহ ব্যালট ছিনতাই, জালভোট প্রদান ও নানাবিধ অনিয়মের সঙ্গে জড়িত থাকার বিষয়টি প্রমাণিত হওয়ায় মাননীয় নির্বাচন কমিশন উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৮৯ অনুসারে চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোঃ শাহিনুল ইসলাম এর প্রার্থীতা এতদ্দারা বাতিল করলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ আলমগীর**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০